

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৮.০০.০০০০.০১৬.০৬.০০৭.১৭-৭১০

তারিখ: ০৯-০৪-২০১৭ খ্রিঃ

বিষয়: সচিব-সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ৭ মার্চ ২০১৭ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ের প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:-

- (১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ই-জিপি ডাটা সেন্টারের জন্য মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় স্পেস বরাদ্দ প্রদান নিশ্চিত করবে;
- (২) যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ই-জিপিতে যুক্ত হয়নি সে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা মার্চ ২০১৭ মাসের মধ্যে ই-জিপিতে যুক্ত হয়ে সরকারি ক্রয় কার্যক্রম পরিচালনা করবে;
- (৩) ই-জিপির আওতায় দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের জামানতের অর্থ ফেরত প্রদানের বিষয়টি আরো সহজ করতে হবে;
- (৪) মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহের ব্রাডিং-এর কাজ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে দ্রুততার সঙ্গে সমাপ্ত করতে হবে;
- (৫) আগামী জুলাই ২০১৭ এর শুরুতে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণে সকলে উদ্যোগী হবে;
- (৬) মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ তাঁর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত প্রতিবেদন পরীক্ষা নিরীক্ষাক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে;
- (৭) সকল সরকারি শূন্য পদ দ্রুত পূরণ করতে হবে এবং এ সংক্রান্ত অগ্রগতি প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কার্যক্রমে পর্যালোচনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে;
- (৮) মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সচিব-সভা আয়োজনের লক্ষ্যে সচিবগণ গুরুত্বপূর্ণ এবং জাতীয় লক্ষ্যের সাথে পনিষ্ঠভাবে সংশ্লিষ্ট আলোচ্য বিষয় মার্চ ২০১৭ মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবেন।

৩১৭ ০২.৪.১৭

(এস এম শফিক)

সিনিয়র সহকারী সচিব (প্রশা:-১)

ফোন: ৯৫১৫৫৫১

sas.admin1@mos.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। চেয়ারম্যান, চবক/মোবক/বাস্থবক/পাবক/বিআইডব্লিউটিসি/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন।
- ২। মহা-পরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিসি ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪। যুগ্মসচিব(বাস্থবক ও মবক/চবক ও প্রশাসন/টিএ/বাজেট/জাহাজ/যুগ্ম-প্রধান (পরি:), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৫। প্রধান নিবাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
- ৬। কমানডেন্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
- ৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ৮। উপসচিব/উপ-প্রধান (পরি:) সকল, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৯। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (পরি:) সকল, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১০। সহকারী সচিব/সহকারী প্রধান (পরি:) সকল, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১১। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

৩১৭ ০২.৪.১৭

(এস এম শফিক)

সিনিয়র সহকারী সচিব(প্রশা:-১)